



Australian Government

Department of Home Affairs

ভ্রমণ করার পূর্বে আমাকে কী করতে হবে

অস্ট্রেলিয়া ভ্রমণের পূর্বে আপনাকে [অস্ট্রেলিয়া ভ্রমণের ঘোষণাপত্র](#) পূরণ করতে হবে।

প্রস্থানের পূর্বে COVID-19-এর পরীক্ষা

অস্ট্রেলিয়াতে ভ্রমণ বা ট্রানজিট করার জন্য COVID-19 পলিমারেজ চেইন রিঅ্যাকশন (PCR) পরীক্ষার একটি নেগেটিভ ফলাফল প্রয়োজন। আপনি যদি [নিউজিল্যান্ড থেকে কোয়ারেন্টিন-মুক্ত ফ্লাইটে ভ্রমণ না করে থাকেন](#), তবে আপনার নির্ধারিত প্রস্থানের 72 ঘণ্টা বা তারও কম সময় পূর্বে করানো COVID-19-এর PCR পরীক্ষার একটি নেগেটিভ ফলাফলের প্রমাণ অবশ্যই আপনার বিমানবন্দরে প্রদান করতে হবে।

বিমানবন্দরগুলো সহ সকল আন্তর্জাতিক ফ্লাইটে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে। প্রস্থানের পূর্বে পরীক্ষার শর্তের ক্ষেত্রে কিছু অব্যাহতি রয়েছে। আরও তথ্য [স্বাস্থ্য বিভাগের ওয়েবসাইটে](#) পাওয়া যাবে।

অতিরিক্ত শর্তসমূহ

এছাড়াও আপনার প্রয়োজন হতে পারে:

- অস্ট্রেলিয়ায় প্রবেশের জন্য একটি বৈধ [ভিসা](#)
- অস্ট্রেলিয়ার ভ্রমণ নিষেধাজ্ঞা থেকে একটি [অব্যাহতি](#)
- অস্ট্রেলিয়ান [স্টেট বা টেরিটরিতে](#) প্রবেশের অধিকার।

আপনি যখন চেক ইন করবেন এবং আপনি যখন অস্ট্রেলিয়ায় পৌঁছবেন তখন এই নথিগুলোর কয়েকটি অবশ্যই বিমানবন্দরে দেখাতে হবে।

কোয়ারেন্টিন

আপনি যদি [নিউজিল্যান্ড থেকে কোয়ারেন্টিন-মুক্ত ফ্লাইটে না এসে থাকেন](#), তবে অস্ট্রেলিয়ায় ভ্রমণকারীদেরকে (অস্ট্রেলিয়ান নাগরিকসহ) অবশ্যই:

- আগমন বন্দরে একটি নির্ধারিত স্থানে 14 দিনের জন্য কোয়ারেন্টিনে থাকতে হবে
- সংশ্লিষ্ট সকল ঘোষণা এবং ফর্ম পূরণ করতে হবে যাতে আমরা [কোয়ারেন্টিনের](#) ব্যবস্থা করতে পারি; এবং

- COVID-19-এর কোনো পজিটিভ কেসের ক্ষেত্রে কন্ট্যাক্ট ট্রেসিং গ্রহণ করতে হবে

আরও তথ্যের জন্য [আন্তর্জাতিক ভ্রমণকারীদের জন্য করোনাভাইরাস \(COVID-19\) সম্পর্কিত পরামর্শ](#) দেখুন। কোয়ারেন্টিনে থাকাকালীন ব্যয় বাবদ আপনাকে অর্থ প্রদান করতে হতে পারে। কোয়ারেন্টিনে থাকার পূর্বশর্ত সম্পর্কে আরও তথ্যের জন্য সংশ্লিষ্ট [স্টেট বা টেরিটরির সরকারি স্বাস্থ্য বিভাগের](#) সাথে যোগাযোগ করুন।

ফিরতি অস্ট্রেলিয়ানরা

আপনি যদি অস্ট্রেলিয়ান নাগরিক বা অস্ট্রেলিয়ার স্থায়ী বাসিন্দা হন যিনি অস্ট্রেলিয়ায় ফিরে আসার চেষ্টা করছেন এবং তা করতে অক্ষম হয়েছেন, তবে আপনি আপনার বিবরণটি পররাষ্ট্র ও বাণিজ্য বিভাগ (DFAT)-এ নিবন্ধিত করতে পারেন এখানে:

<https://covid19.dfat.gov.au/citizeninformation/s/>

DFAT আপনাকে দেশে ফিরে আসার ফ্লাইটের প্রতিশ্রুতি দিতে পারে না, তবে তারা সরকারি সুবিধায়ুক্ত বাণিজ্যিক ফ্লাইটের জন্য আপনার ব্যক্তিগত পরিস্থিতি ও যোগ্যতার মূল্যায়ন করবে।